

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 জেল সুপারের কার্যালয়, জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ  
 www.prison.chapainawabganj.gov.bd

২০২২-২৩ অর্থ বছরে কারা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগারে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভার কার্যবিবরণী :

আহ্বায়ক : মো: মজিবুর রহমান মজুমদার, জেল সুপার, জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ।  
 তারিখ ও সময় : ৩০.১১.২০২২, সকাল ১০:০০ ঘটিকা।  
 স্থান : দরবার হল (সেড ঘর), জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ।

সভার শুরুতে আহ্বায়ক সকলকে স্বাগত জনিয়ে সভার কাজ শুরু করেন। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে কারা বিভাগের ২০২২-২৩ অর্থ বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ১.৩ এ উল্লেখিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার উপর প্রাথমিক ধারণা দেন এবং পর্যায়ক্রমে উপস্থিত সকলদের সাথে বিভিন্ন সমস্যা ও সমাধানের বিষয়ে আলোচনা করা হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	১. ময়লা ফেলার জন্য ডাস্টবিন নির্মাণ করণ ; ২. কারাগারের ভিতর ও আবাসিক এলাকার ময়লা অপসারণ করণ ; ৩. কারা এলাকার নিরাপত্তার নিশ্চিত করণার্থে কারা এলাকায় বৈদ্যুতিক লাইটের ব্যবস্থা করণ ;	১. নির্ধারিত স্থানে ময়লা ফেলার জন্য ০১ টি ছাউনিসহ মাঝারি এবং আরসিসি ঢালাই করে ছাউনিসহ ০২ টি ছোট ডাস্টবিন তৈরী করতে হবে। ২. কারাগারের ভিতর ও আবাসিক এলাকার ময়লা অপসারণের জন্য নির্ধারিত স্থান হতে পৌরসভার গাড়ীর মাধ্যমে সপ্তাহে নিয়মিত ২/৩ দিন ময়লা নিয়ে যাওয়ার ব্যবস্থা করতে হবে। ৩. চাঁপাইনবাবগঞ্জ-ঢাকা মহাসড়ক আরপি গেইট হতে প্রধান ফটক পর্যন্ত স্থাপিত বৈদ্যুতিক খুঁটিগুলিতে রোড ল্যাম্প স্থাপন করতে হবে।	মেয়র পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ।
২.	বন্দিদের চিকিৎসাসেবা নিশ্চিত করণার্থে একজন অতিরিক্ত চিকিৎসক পদায়নের ব্যবস্থা করণ ;	অত্র কারাগারের মঞ্জুরীকৃত সহকারী সার্জন এর পদের বিপরীতে সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক ০১ (এক) জন মনোনীত চিকিৎসক প্রেষণে কর্মরত রয়েছে। করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রতিটি জেলা কারাগারে ০১ (এক) জন চিকিৎসক প্রেষণে পদায়ন ও সংযুক্তের নির্দেশনার প্রেক্ষিতে অত্র দপ্তরের স্মারক নং ৫৮.০৪.৭০০০.১৩১.০১.০০২.২১- ১৬১৭(৪) তারিখ ১৩.০৬.২০২১ মোতাবেক পত্র প্রেরণ করা হলেও চিকিৎসক পদায়ন করা হয়নি। জরুরী ভিত্তিতে চিকিৎসক পদায়নের ব্যবস্থা করতে হবে।	সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
৩.	১. বন্দি ব্যারাক পদ্মা ভবনের মেরামত ও রং করণ ; ২. কারা হাসপাতালের টয়লের দরজা মেরামত করণ ; ৩. বঙ্গবন্ধু বুক কর্ণার নির্মাণ করণ ;	১. বন্দি ব্যারাক পদ্মা ভবনের ভিতরে প্লাস্টার খসে পড়ায় স্বাস্থ্য সম্মতভাবে বসবাসের উপযোগী করার জন্য ভবনের মেরামত ও রং করণ কাজ করতে হবে। ২. কারা হাসপাতালের টয়লের দরজা ভেঙে যাওয়ায় দরজাগুলি পরিবর্তন/মেরামত করতে হবে। ৩. বঙ্গবন্ধু বুক কর্ণার নির্মাণের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করার লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ বরাবরে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি প্রাক্কলন প্রস্তুত করা হয়নি। বঙ্গবন্ধু বুক কর্ণার নির্মাণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করতে হবে।	নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.	দর্শনাধী ও সেবা প্রত্যাশীদেরকে প্রদত্ত সেবার মান সম্পর্কে আলোচনা করণ।	আলোচ্য সভায় দর্শনাধীদের দেখা-সাক্ষাত, বন্দিদের মালামাল সরবরাহ, পিসিতে টাকা জমার বিষয়ে আলোচনা করা হয়। উপস্থিত দর্শনাধী কর্তৃক প্রদত্ত সেবার বিষয়ে কোন প্রকার অভিযোগ উত্থাপিত হয়নি। তথাপিও প্রদত্ত সেবা প্রদান নিশ্চিত করণার্থে সকলকে সচেত্ট থাকতে হবে।	১. জেল সুপার জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ। ২. জেলার, ডেপুটি জেলার, রিজার্ভ প্রধান কারারক্ষী এবং দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীগণ।

আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

(মোঃ মজিবুর রহমান মজুমদার)

জেল সুপার

চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগার

ও

আহ্বায়ক

অংশীজনের (Stakeholder) কমিটি।

স্মারক নং ৫৮.০৪.৭০০০.১৩১.০৩.০০১.২০২২- ৪০৫৭(৩)

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৯  
০৫ ডিসেম্বর ২০২২

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
২. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চাঁপাইনবাবগঞ্জ।
৩. মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।

(মোঃ মজিবুর রহমান মজুমদার)

জেল সুপার

জেলা কারাগার, চাঁপাইনবাবগঞ্জ

০২৫৮৮৮৯২২৬১

jaisuperchapanababganj@gmail.com

মজুমদার

মজুমদার